

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি.

ফেনী শাখা, ফেনী।

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

(অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউসিবি ফেনী শাখা, ফেনী এর ঋণগ্রহীতা মেসার্স এয়াকুব ট্রেডার্স প্রোপ্রাইটর-জনাব ইয়াছির আরাফাত, ঠিকানা- একাডেমী রোড, ফেনী কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরিপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৩-১০-২০১৬ইং তারিখ পর্যন্ত ঋণ হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা মোট ট ৪৩,৬০,৯৭৫.২৮ (তেতাল্লিশ লক্ষ ষাট হাজার নয়শত পঁচাত্তর টাকা আটশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী টিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে। আগামী ৩০-০৪-২০১৭ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ইউসিবি, ফেনী শাখা, ফেনী এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং এ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে। প্রত্যেক দরপত্রদাতা উদ্ভূত দর এর ১৫% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ ব্যাংক ডাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউসিবি ফেনী শাখা, ফেনী এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা-ফেনী, থানা-ফেনী সদর ও সাব-রেজিস্ট্রি অফিস-ফেনী, মোজা- কাজিরবাগ, জে, এল নং সাবেক-৮৫, হাল-৬০, সি.এস খতিয়ান নং-৫৬৪/৬৫১/৫৭১/৪২৮, এস. এ- এম আর ও আর খতিয়ান নং ৭৩৭/৮৪৭/৭৪৫/৪৩৩ বি.এস (ডিপি) খতিয়ান নং-৪১৯, নামজারি খতিয়ান নং- ১৬৮১, সি.এস এণ্ড এস.এ দাগ নং ১২২০/১২৪৭/১২৪৮/১২৪৯/১২৫১/১২৫২/১২৫৩/ ১২৫৪/১২৫৫/১২৫৬/১২৫৭/১৩৫০/১২১৮/১২৫৮/১২৫৯/১২৬০, বি.এস দাগ নং ১৯৬৪/ ১৯৬৫/১৯৬৬/১৯৬৭/১৯৬৮/১৯৬৯/১৯৭০/১৯৭১/১৯৭৩/১৯৭৫ মোট জমির পরিমান ৮৮.১৭ শতাংশ. যাহার চৌহদ্দীঃ উত্তরে-মালেক মেঘার, দক্ষিণে-রাস্তা,পূর্বে-রেল লাইন এবং পশ্চিমে-নূর ইসলাম।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ৩০-০৪-২০১৭ইং বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ ফেনী শাখা এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

চলমান পাতা-----২

- (২) প্রত্যেক দরদাতা, উদ্ভূত দর অনুধর্ব ১০,০০,০০০(দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ভূত দর ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুধর্ব ৫০,০০,০০০ (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ভূত দর ৫০,০০,০০০ (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার, জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আদালতের অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- (৩) অনুধর্ব ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকার উদ্ভূত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুধর্ব ৫০,০০,০০০(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ভূত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০ (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ভূত দর গ্রহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে, দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে আদালত জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেঃ
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিপূর্ণ বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৭) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি.

ফেনী শাখা, ফেনী